15

ভোরের কাগজ

তারিখ ...DEC. 0 9 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

# শিশু-কিশোরদের জন্য কম্পিউটিং স্কুল চালু করেছে গেইটওয়ে

কাগজ প্রতিবেদক : যুক্তরাজ্যের কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি 'গেইটওয়ে কিডস স্কুল অফ কম্পিউটার' বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে। শ্রীলঙ্কার শীর্ষস্থানীয় কম্পিউটার প্রশিক্ষণ স্কুল 'গেইটওয়ে' বাংলাদেশের ৪ থেকে ১৪ বছরের শিশু-কিশোরদের জন্য এ শিক্ষা কার্যক্রমের উদ্যোক্তা।

গতকাল বুধবার নগরীর গুলশান ২ নম্বরে এই স্কুলের উদ্বোধন করেন বাংলাদেশে শ্রীলঙ্কার হাইকমিশনার ই জি দয়ানন্দ। স্থানীয় সাংসদ রহমত উল্লাহ, প্রতিষ্ঠানের পরিচালক ড. এইচ কে এলেম এবং ঋষেণ ফার্নান্ডো এ সময় উপস্থিত ছিলেন।

গেইটওয়ের এই কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে এ দেশের শিশু-কিশোররা আগামী সহস্রাব্দের প্রতিবন্ধকতা অতিক্রম করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিষয়ে অভিজ্ঞতা অর্জন করবে। গেইটওয়ে শিশু-কিশোরদের জন্য 'কিডস স্কুল অফ কম্পিউটিং' এবং বয়স্ক ও নবীনদের জন্য 'সেন্টার ফর ইনফরমেশন টেকনোলজি'র মাধ্যমে কম্পিউটার প্রশিক্ষণ দিয়ে থাকে। এ কর্মসূচির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো যে, এটি গতানুগতিক ধারার বাইরে পুরোপুরিভাবে ব্রিটিশ ন্যাশনাল কারিকুলাম ফর ইনফরমেশন টেকনোলজির তত্ত্বাবধানে তৈরি। দক্ষিণ এশিয়ায় গেইটওয়ে একমাত্র প্রতিষ্ঠান যা আইসিএ-এর স্বীকৃতি পেয়েছি।

গেইটওয়ে সারা পৃথিবীতে ২ হাজার কেন্দ্রের মাধ্যমে তাদের কর্মকাণ্ড চালাচ্ছে। যুক্তরাজ্য, শ্রীলঙ্কা, হংকং, সিঙ্গাপুর ও মালয়েশিয়ায় এই প্রশিক্ষণ কেন্দ্রগুলো অবস্থিত।